# উপজেলা পরিষদ

# কালিগঞ্জ, সাতক্ষীরা।

## এপ্রিল ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

অধিবেশন নং - ০৪/২০২৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৭-০৪-২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>২.(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে এই উপজেলার এডিপির প্রকল্পের ই-টেন্ডার সমাপ্ত হয়েছে। অতিদ্রুত এডিপির প্রকল্পগুলো বাস্তবায়ন করা হবে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, আগামী ৩০শে জুনের আগেই এডিপির প্রতিটির প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করে এর গুণগত মান বজায় রেখে প্রকল্পগুলো বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আগামী ৩০শে জুনের আগেই এডিপির প্রতিটির প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করে এর গুণগত মান বজায় রেখে প্রকল্পগুলো বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.(খ) উপজেলা কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণ ঃ<br>সভায় জানানো হয় যে, বিগত ১২/০৮/২০২০ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদের সভার ২.০১ (জ) অনুচ্ছেদের সিদ্ধান্তক্রমে উপজেলা কমপ্লেক্স এর নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা হতে অনুমোদন গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়। কিন্তু এখানো পর্যন্ত অনুমোদন পাওয়া না যাওয়ায় পুনরায় উপজেলা কমপ্লেক্স এর সীমানা প্রাচীর নির্মাণের প্রাক্কলন সহ প্রয়োজনীয় কাগজপত্র স্থানীয় সরকারী, পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখায় প্রেরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | পুনরায় উপজেলা কমপ্লেক্স এর সীমানা প্রাচীর নির্মাণের প্রাক্কলন সহ প্রয়োজনীয় কাগজপত্র বিধি মোতাবেক স্থানীয় সরকারি, পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখায় প্রেরণ করে অনুমোদন গ্রহণ এবং প্রচলিত বিধি বিধান যথাযথ অনুসরণের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরাকে পুনঃরায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২. (গ) ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদ মেরামত ও সংরক্ষণ বিষয় ঃ<br>সভায় জানানো হয় যে, ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ প্রকল্পের আওতায় ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদ মেরামত কাজ চলমান রয়েছে। ইউনিয়ন পরিষদ ভবনে হলরুম, বারান্দা ও এপ্রোনে সিসি ঢালাই এবং প্যাটেন্ট স্টোন এর কাজ বাবদ ৯৩,০২৬/- টাকা প্রাক্কলনে অর্ন্তভুক্ত আছে। কিন্তু ভাড়াশিমলা ইউনিয়ন চেয়ারম্যান সাহেব জানান, ইউনিয়ন পরিষদে তার অফিস কক্ষটি অত্যন্ত জরাজীর্ণ হওয়ায় বসে জনগণের সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। তাই উক্ত প্রকল্পের অর্থ দিয়ে ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর অফিস কক্ষটি টাইলস এর কাজ করার জন্য প্রস্তাব করেন। এছাড়া তিনি আরো বলেন, উক্ত অফিস কক্ষটি টাইলস করতে যেয়ে যদি অতিরিক্ত কোন অর্থের প্রয়োজন হয় তাহলে তিনি নিজস্ব অর্থায়নে কাজটি সম্পন্ন করবেন বলে সভায় অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ভাড়াশিমলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেবের অফিস কক্ষটি বসার অনুপযোগী হওয়ায় বর্ণিত অর্থ দ্বারা টাইলস করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এ বিষয়ে বিধি মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

<table>
<tr>
<td>২. (ঘ). <u>কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বেকার যুবকদের ফ্রিল্যান্সিং বিষয়ে প্রশিক্ষণ ঃ</u> সভায় জানানো হয় যে, এ উপজেলাতে অনেক বেকার যুবক/যুবতী রয়েছে যাদের ল্যাপটপ/ডেক্সটপ কম্পিউটার রয়েছে। কিন্তু কোন উপার্জন নেই। অনেক বেকার ছেলে/মেয়ে ইন্টারনেটের সাথে যুক্ত রয়েছে কিন্তু ফেসবুক/ইউটিউব চালিয়ে এবং আড্ডা দিয়ে সময় অপচয় করে। তাই বেকার ছেলেমেয়েদের হতাশা দূর করতে খারাপ পথ থেকে ফিরিয়ে নিয়ে আসতে এ উপজেলার বেকার ছেলে মেয়েদের ঘরে বসে অনলাইনের মাধ্যমে উপার্জন সক্ষমতা তৈরি করার লক্ষ্যে কিছু বেকার যুবক ছেলে মেয়েদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>এ উপজেলার বেকার যুবক ছেলেমেয়েদের ঘরে বসে অনলাইনের মাধ্যমে উর্পাজনের সক্ষমতা নিমিত্ত ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের সিদ্ধান্ত গৃহিত হয় এবং নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং ব্যয়খাত নির্ধারণ করা হয়।<br>
প্রকল্পের নাম ঃ কালিগঞ্জ উপজেলার বেকার যুবক ছেলেমেয়েদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ। (২০২২-২০২৩ অর্থবছর)<br>
প্রাক্কলিত ব্যয় ঃ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা<br>
ব্যয়ের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল<br>
প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম ও পদবী</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>জনাব হোসনেআরা খানম, প্রশাসনিক কর্মকর্তা</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>জনাব দিপালী রাণী ঘোষ, ভাইস চেয়ারম্যান</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>জনাব হেমেন্দ্রনাথ মন্ডল, সহকারী প্রোগ্রামার, আইসিটি, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>৩। <u>মৎস্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br>
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট এর আওতায় ১২টি ক্লাস্টারের মধ্যে ৫টি ক্লাস্টারের আর্থিক সুবিধাদি প্রাপ্তির কার্যক্রম চলমান আছে। মৎস্য ও মৎস্য পণ্য বিধিমালা ১৯৯৭ মোতাবেক ধলবাড়িয়া ইউনিয়নের মোবাইল কোর্ট পরিচালনা করে চিংড়িতে অপদ্রব্য পুশ করার অপরাধে একজনকে কারাদন্ড প্রদান করা হয়েছে। পাশাপাশি পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়নে চিংড়িতে অপদ্রব্য পুশ বন্ধে অভিযান পরিচালনা করা হবে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে প্রতিটি মসজিদে জুমার খুতবায় ইমাম সাহেবগণকে চিংড়ি অপদ্রব্য পুশ করার বিষয়ে সচেতনতা সৃষ্টিতে বক্তব্য প্রদান করার অনুরোধ করেন।<br>
এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।</td>
<td>প্রতিটি ইউনিয়নের যে সকল জায়গায় অসাধু ব্যবসায়ীরা বাগদা চিংড়ি পুশ করে সেগুলো বন্ধের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ নেওয়ার জন্য সভায় সর্বসম্মতিভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>(১) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>৪। <u>স্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br>
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ,</td>
</tr>
<tr>
<td>৫। <u>উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম</u> ঃ (ক) উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, প্রতিটি ইউনিয়নে স্মার্ট পরিকল্পনার মাধ্যমে বাণিজ্যিক কৃষি উদ্দোক্তা তৈরির লক্ষ্যে কৃষক ও খামারীদের মধ্যে স্মার্ট কৃষি প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব করেন। এছাড়া তিনি আরো বলেন বর্তমানে সাতক্ষীরার আম দেশের বিভিন্ন অঞ্চলের মার্কেটে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে। কিছু অসাধু ব্যবসায়ী অপরিপক্ক আম পেড়ে রাসায়নিক প্রয়োগের মাধ্যমে আম পাকাচ্ছে যাহা মানবদেহের জন্য অত্যন্ত ক্ষতিকারক ও সাতক্ষীরার আমের সুনাম নষ্ট হচ্ছে। তাই সাতক্ষীরার আমকে ব্রান্ডিং করার জন্য জনসচেতনার পাশাপাশি আইনগত ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান। এছাড়া তিনি আরো বলেন, ১২টি ইউনিয়নে প্রতি সোম ও বৃহস্পতিবার নির্দিষ্ট জায়গায় আমের প্রত্যয়ন দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া প্রণোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় পাট ফসলে ১০০ জন কৃষককে এবং আউশ ধান বীজ ও রাসায়নিক সার ১০০০ জনের মধ্যে বিতরণ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(ক) এ উপজেলার প্রতিটি ইউনিয়নে স্মার্ট পরিকল্পনার মাধ্যমে বাণিজ্যিক কৃষি উদ্দোক্তা তৈরির লক্ষ্যে কৃষক ও খামারীদের মধ্যে স্মার্ট কৃষি প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং ব্যয়খাত নির্ধারণ করা হয়।<br>
প্রকল্পের নাম ঃ কালিগঞ্জ উপজেলায় স্মার্ট কৃষি উদ্দোক্তা ও খামারীদের মধ্যে স্মার্ট কৃষি প্রশিক্ষণ প্রদান। (২০২২-২০২৩)<br>
প্রাক্কলিত ব্যয় ঃ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা<br>
ব্যয়ের খাত ঃ উপজেলা উন্নয়ন তহবিল<br>
প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম ও পদবী</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>জনাব ওয়াসীম উদ্দীন, উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>জনাব ডাঃ উৎপল রায়, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব ফেরদাউস মোড়ল, চেয়ারম্যান, মৌতলা ইউপি</td><td>সদস্য</td></tr>
</table>
(খ) ১২টি ইউনিয়নে প্রতি সোম ও বৃহস্পতিবার নিমোক্ত নির্দিষ্ট জায়গায় আমের প্রত্যয়ন দেওয়ার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>
১। কুশুলিয়া- জিরোণগাছা হাট, ২। নলতা - কলেজ মাঠ<br>
৩। কৃষ্ণনগর- কৃষাণ মজুর স্কুল মাঠ, ৪। বিষ্ণুপুর- চৌমহনী<br>
৫। চাম্পাফুল- ইউনিয়ন পরিষদ ৬। দক্ষিণশ্রীপুর- ইউনিয়ন পরিষদ<br>
৭। তারালী- মাঠ ৮। ভাড়াশিমলা- ইউনিয়ন পরিষদ<br>
৯। মথুরেশপুর- গড়ের হাট ১০। ধলবাড়িয়া- ইউনিয়ন পরিষদ<br>
১১। রতনপুর- ইউনিয়ন পরিষদ ১২। মৌতলা- ইউপি।</td>
<td>(১) উপজেলা নির্বাহী অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৪) সংশ্লিষ্ট সকল ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দ কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, LSD রোগের প্রাদুর্ভাব কম হয়েছে। তারপরও AI কর্মী LSP ও পল্লী সেবায় নিয়োজিত কর্মীরা যাতে এন্টিবায়েটিক ব্যবহার না করেন এবং কসাইরা যাতে অসুস্থ গরু জবাই করতে না পারে সেজন্য স্থানীয় AI কর্মীর মাধ্যমে পশুর স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। এছাড়া গরু ছাগলের উৎপাদন বৃদ্ধি ও রোগব্যাধি হ্রাসের জন্য ঘাসের কোন বিকল্প নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | AI কর্মী LSP ও পল্লী সেবায় নিয়োজিত কর্মীরা যাতে এন্টিবায়েটিক ব্যবহার না করেন এবং কসাইরা যাতে অসুস্থ গরু জবাই করতে না পারে এজন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তদারকি করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, এখন দুর্যোগের মৌসুম শুরু হয়েছে। ঝুকিপূর্ণ ইউনিয়ন গুলোর পাশাপাশি প্রতিটি ইউনিয়নে দুর্যোগ মোকাবেলায় চকিদার, স্বেচ্ছাসেবী সহ দূর্যোগ মোকাবেলা কমিটির সকল সদস্যকে তৎপর থাকার জন্য অনুরোধ জানান। পাশাপাশি যেকোন দূযোর্গ পরিস্থিতির খবরাখবর উপজেলায় দূর্যোগ মোকাবেলা কমিটিকে সর্বদা অবহিত করার জন্য প্রতিটি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, হাড়দ্দহ ভেড়ীবাঁধ, নাজিমগঞ্জ ভেড়ীবাঁধ, খারহাট স্লুইচগেট, কালিকাপুর স্লুইচগেট, দক্ষিণ শ্রীপুর স্লুইচগেটগুলো প্রায় প্রতিবছর ভেঙে বিস্তৃত এলাকা প্লাবিত হয়। তাই এসকল জায়গাগুলো ঝুকিপূর্ণ বিবেচনা করে অগ্রাধিকার ভিত্তিতে দূর্যোগ আঘাত করার আগেই সার্বক্ষনিক রক্ষণাবেক্ষণে রাখতে হবে। পাশাপাশি স্ব স্ব ইউনিয়নে ভেড়ীবাধ/স্লুইচগেটগুলোর তালিকা অতিদ্রুত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তরে প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দূর্যোগ মোকাবেলায় প্রতিটি ইউনিয়নে চকিদার স্বেচ্ছাসেবী, ইউপি চেয়ারম্যান, দূর্যোগ মোকাবেলা কমিটি সহ সকলকে সর্বদা তৎপর থাকার জন্য অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এছাড়া তিনি আরও বলেন এ উপজেলার যেসকল এলাকা বিদ্যালয়হীন আছে সেগুলোর তালিকা অতিদ্রুত উপজেলা শিক্ষা অফিসে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় কয়েকটি গ্রামে বিদ্যালয় স্থাপনের কথা বলেন। যেমন-নরহরকাটি, হাড়দ্দহ, প্রবাজপুর, সেকেন্দারনগর, চক সোনাইঘরামী প্রাথমিক বিদ্যালয় নির্মাণের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলার প্রতিটি ইউনিয়নে যেসকল এলাকায় প্রাথমিক বিদ্যালয় নাই। সেগুলোর তালিকা অতিদ্রুত উপজেলা শিক্ষা অফিসে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রের চুড়ান্ত নির্বাচন সম্পন্ন করে খাদ্য শস্যের ডিও জারি সম্পন্ন হয়েছে। এছাড়া ১২টি ইউনিয়নের মধ্যে ৬টি ইউনিয়নে ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। উপজেলায় বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি মানব পাচার প্রতিরোধ কমিটি ও নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত সম্পন্ন হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় বাকি ৬টি ইউনিয়নে অতিদ্রুত ডিও জারি সহ খাদ্য শস্য বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। আগামী ৩০ শে এপ্রিল ২০২৩ হতে এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু নকলমুক্ত ইতিবাচক পরিবেশে সম্পন্নের লক্ষ্যে ২৬ এপ্রিল ২০২৩ তারিখ হতে ২৩ মে ২০২৩ তারিখ পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ রাখার পাশাপাশি পরীক্ষা কেন্দ্রের পাশে এবং বাজারগুলোতে দীর্ঘ যানজট সৃষ্টি না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা চলাকালীন সুষ্ঠু নকলমুক্ত ইতিবাচক পরিবেশে সম্পন্নের লক্ষ্যে ২৬ এপ্রিল ২০২৩ তারিখ হতে ২৩ মে ২০২৩ তারিখ পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো বলেন ইতোমধ্যে বয়স্ক, বিধবা ভাতার টাকা পে-রোল দেয়া হয়েছে। এছাড়া প্রতিবন্ধী ভাতা কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা সমাজসেবা অফিসারকে অতিদ্রুত প্রতিবন্ধী ভাতা কার্যক্রম শেষ করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের ঋণ কার্যক্রম চলমান এবং অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক চলছে। কোন সমস্যা নাই। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৪। বন বিভাগের কার্যক্রম ঃ<br>কালিগঞ্জ উপজেলা বন বিভাগের ফরেস্টার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন, এ উপজেলার অভ্যন্তরে যেসকল মরা ঝুকিপূর্ণ গাছ রয়েছে এগুলো পুনরায় প্রাক্কলন প্রস্তুত করে দাখিল করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলার অভ্যন্তরে যেসকল মরা ঝুকিপূর্ণ গাছগুলো রয়েছে তার প্রাক্কলন প্রস্তুত করে অতিদ্রুত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৫। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৭। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসাবে জনশুমারি ও গৃহ গণনা-২০২২ প্রকল্পের অতিরিক্ত ট্যাবসমূহ বিতরণের নিমিত্ত ২য় পর্যায়ে কালিগঞ্জ উপজেলার বিভিন্ন মদ্রাসার নামের তালিকা এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

<table>
<tr>
<td><u>১৮। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য,কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td><u>১৯। উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা নির্বাচন অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়।</td>
<td>উপজেলা নির্বাচন অফিসার কে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা নির্বাচন কমিশন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td><u>২০। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td><u>২১। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম</u> ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ, সভায় জানান যে, জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই।</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td><u>২২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)</u> ঃ<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউডিএফ) জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, বিগত ২৭/০৩/২০২৩ইং তারিখে উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তক্রমে কালিগঞ্জ উপজেলার আগামী ০৫ বছরের পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরির লক্ষ্যে ০৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কিন্তু পরবর্তীতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার বদলী জনিত কারণে উক্ত কমিটি পুনরায় সংশোধনী আনা প্রয়োজন। এজন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্থলে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা (ইউডিএফ) কে রাখার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>কালিগঞ্জ উপজেলার আগামী ০৫ বছরের পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরির লক্ষ্যে সংশোধনী এনে পুনরায় নিমোক্ত ০৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>জনাব মোঃ নাজমুল হুদা, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>জনাব ওয়াসীম উদ্দীন, উপজেলা কৃষি কর্মকর্তা, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব মোঃ ইফতেখারউদ্দীন জোয়ার্দ্দার, উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>জনাব আসমাউল হুসনা, (ইউডিএফ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>জনাব মোঃ মিরাজ হোসেন খান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>জনাব অর্ণা চক্রবর্তী, অফিসার, কালিগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক</td><td>সদস্য</td></tr>
</table>
উক্ত কমিটি কালিগঞ্জ উপজেলা স্মার্ট উপজেলা হিসাবে তৈরি করার লক্ষ্যে মাঠ পর্যায় থেকে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করে পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</td>
<td>১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ</td>
</tr>
<tr>
<td><u>২৩। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি</u> ঃ<br>(ক) সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, উপজেলা ইউজিডিপি প্রকল্পের মাধ্যমে রতনপুর ইউনিয়নের বাগমারী নামক স্থানে পানি বিশুদ্ধকরণ প্লান্ট নির্মাণ সম্পন্ন হয়েছে। কিন্তু বিদ্যুৎ সংযোগের অভাবে এখনো পানির প্লান্টটি চালু করা সম্ভব হয়নি। তাই সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম, কালিগঞ্জ কে উক্ত পানির প্লান্ট এ জরুরি ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য অনুরোধ জানান।</td>
<td>বাগমারী পানি বিশুদ্ধকরণ প্লান্ট এ জরুরি ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ দেওয়ার প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</td>
<td>ডিজিএম, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২৪। <u>পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ</u><br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে তবে সামনে মে-জুন দূর্যোগের মৌসুম। ইতোমধ্যে ঝুকিপূর্ণ ভেড়ীবাঁধগুলো অনেকাংশে মেরামত করা হয়েছে। এছাড়া প্রতিটি ইউনিয়নে যেসকল ভেড়ীবাঁধগুলো রয়েছে সেগুলোর তালিকা অতিদ্রুত প্রেরণের জন্য অনুরোধ জানান। এসময় রতনপুর ইউপি চেয়ারম্যান সাহেব বলেন যে, রতনপুর ইউনিয়নের চকসন্তোষপুর, কাটুনিয়া, তেরুলিয়া ও দড়িসৈদালীপুর মৌজায় অবস্থিত বাইনতলা-১, বাইনতলা-২ ও লাউতলী খাল প্রবাহমান খাল। ইতোমধ্যে পানি উন্নয়ন বোর্ড থেকে খালগুলো খনন করা হয়েছে। উক্ত খাল তিনটি দিয়ে রতনপুর ইউনিয়ন সহ পাশ্ববর্তী ধলবাড়িয়া ইউনিয়ন ও শ্যামনগর উপজেলার ১৬-১৭টি গ্রামে বর্ষা মৌসুমে পানি প্রবাহিত হয়। উক্ত খালগুলোর ইজারাদার গ্রহণকারী অবৈধভাবে নেটপাটা স্থাপন করে মৎস্য চাষের ফলে বর্ষা মৌসুমে একাধিক গ্রাম প্লাবিত হয়। তার খালগুলো থেকে দূর্যোগ মৌসুম আসার আগেই অনতিবিলম্বে নেটপাটা অপসারণ সহ ইজারা বাতিলের প্রস্তাব করেন।<br>এ বিষয়ে মথুরেশপুর চেয়ারম্যান সাহেব বলেন যে, বসন্তপুর বিজিবি ক্যাম্প হতে হাড়দ্দাহ স্লুইচ গেট এর উত্তর ধার পর্যন্ত ভেড়ীবাঁধের অবস্থা খুবই নাজুক। দূর্যোগ মৌসুম আসার আগেই উক্ত ভেড়ীবাঁধটি আশু সংস্কার করার জন্য প্রস্তাব করেন। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় পানি উন্নয়ন বোর্ডের কর্তকর্তাকে বলেন, যমুনা খাল খনন করা হচ্ছে কিন্তু এখনো পর্যন্ত যমুনার খালের পাড়ে অবৈধ দখলদারদের উচ্ছেদের বিষয়ে কোন প্রকার তৎপরতা পরিলক্ষিত হচ্ছে না। তাই অতিদ্রুত এ এলাকার পরিবেশ ও প্রতিবেশ রক্ষার্থে এবং যমুনা খালকে আদিরূপে ফিরিয়ে আনার জন্য অতিদ্রুত খালের দুই পাশ থেকে অবৈধ দখলদারদের উচ্ছেদের জন্য উচ্ছেদ মামলা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) রতনপুর ইউনিয়নের চকসন্তোষপুর, কাটুনিয়া, তেরুলিয়া ও দড়িসৈদালীপুর মৌজায় অবস্থিত বাইনতলা-১, বাইনতলা-২ ও লাউতলী খালসহ সকল খালের নেটপাটা অপসারণ সহ ইজারা বাতিলের প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(২) বসন্তপুর বিজিবি ক্যাম্প হতে হাড়দ্দাহ স্লুইচ গেট এর উত্তর ধার পর্যন্ত ভেড়ীবাঁধটি অতিদ্রুত সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>(৩) যমুনার খালের দুই পাশ থেকে অবৈধ দখলদারদের উচ্ছেদের জন্য উচ্ছেদ মামলা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা। |
| ২৫। <u>পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম ঃ</u><br>পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপক, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | (১) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যবস্থাপক,কালিগঞ্জ , সাতক্ষীরা। |
| ২৬। <u>উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ</u><br>উপজেলা বিএডিসি কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। এ সময় মৌতলা ইউপি চেয়ারম্যান মহোদয় বলেন যে, মৌতলা ইউনিয়ের গোফরানা খালটির দৈর্ঘ্য প্রায় ৪ কিঃমিঃ। উক্ত খালটি পুনঃখনন ও রেগুলেটর স্থাপন করে মিষ্টি পানির আধার তৈরি করা হলে এ অঞ্চলের কৃষিতে অভূতপূর্ব পরিবর্তন সাধিত হবে পাশাপাশি এ এলাকার কৃষি খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি পাবে। ফলে কৃষকদের জীবনযাত্রার মান বৃদ্ধি পাবে। তাই অতিদ্রুত মৌতলা ইউনিয়নের গোফরানা খালটি পুনঃখনন ও রেগুলেটর স্থাপন করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) উপজেলা বিএডিসি কর্মকর্তা কে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়<br>(খ) মৌতলা ইউনিয়নের গোফরানা খালটি পুনঃখনন ও রেগুলেটর স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৭। <u>উপজেলা আনসার ভিডিপির কার্যক্রম ঃ</u><br>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য জানানো হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

২৮। বিবিধ ঃ

(ক) কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত সংক্রান্ত ঃ

সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ি নং-সাতক্ষীরা-ঘ-১১-০০২৪ এর মেরামতের বিষয়ে মোটরযান পরিদর্শক, সাতক্ষীরা এর কারিগরি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে গত ০৮/০২/২০২৩ ইং তারিখের ১৫০/১ (যুক্ত) স্মারকমূলে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত মেরামত/বদলীর বিষয়ে মোটরযান পরিদর্শক, বিআরটিএ সাতক্ষীরা সার্কেল এর স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৬.২০.০০৫৯.২৩-১৫৯, তারিখ-০৮ ফেব্রুয়ারী-২০২৩ মুলে কারিগরি মতামত/অনুমোদন দিয়েছেন।

যার বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | মুল ইউনিট/যন্ত্রাংশ | লক্ষণ সমুহ | ত্রুটিপূর্ণ মোটরযান যন্ত্রাংশের বিবরণ | যে ধরণের মেরামত/বদলী প্রয়োজন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | বিবিধ সিষ্টেম | ত্রুটিপূর্ণ | চেসিস বডির মাউন টেন ০৮ (আট) টি | পেইন্টিং |
| ২ | বিবিধ সিষ্টেম | ত্রুটিপূর্ণ | এসি মেরামত ও প্রয়োজনীয় যন্ত্রাংশ সংযোজন | মেরামত |
| ৩ | বিবিধ সিষ্টেম | ত্রুটিপূর্ণ | গাড়ীর বড়ির প্রয়োজনীয় স্থানে আংশিক ডেন্টিং | ডেন্টিং |
| ৪ | বিবিধ সিষ্টেম | ত্রুটিপূর্ণ | সম্পূর্ণ গাড়ী পেইন্টিং | পেইন্টিং |
| ৫ | সাসপেনশন সিস্টেম | ত্রুটিপূর্ণ | শক এ্যাবজারভার ০৪ (চার) টি | পরিবর্তন |
| ৬ | ব্রেক সিস্টেম | ক্ষয়প্রাপ্ত | ব্রেক প্যাড ০১ (এক) সেট | পরিবর্তন |
| ৭ | ব্রেক সিস্টেম | ক্ষয়প্রাপ্ত | ব্রেক সু ০১ (এক) সেট | পরিবর্তন |
| ৮ | বিবিধ সিস্টেম | ত্রুটিপূর্ণ | সার্বো ০১ (এক) সেট | পরিবর্তন |

উপজেলা পরিষদের জীপগাড়ীর বর্ণিত স্মারকে প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক মেরামত/পরিবর্তনের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়েছে।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ ইফতেখার উদ্দীন জোয়ার্দার, উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। | আহবায়ক |
| ২ | জনাব মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা। | সদস্য |
| ৩ | জনাব মোঃ মিরাজ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। | সদস্য-সচিব |

উল্লেখিত কমিটি বিধি মোতাবেক টেন্ডার/কোটেশন আহবানসহ কালিগঞ্জ উপজেলা পরিষদের জীপগাড়ী নং-সাতক্ষীরা-ঘ-১১-০০২৪ এর বর্ণিত মেরামত/পরিবর্তনের কাজ সম্পাদনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী তার অফিসের ২৭/০৩/২৩ তারিখের ১২৬৫ নং স্মারকে বর্ণিত জীপগাড়ী মেরামতের লক্ষ্যে কোটেশন আহবান করা হয়। ধার্য তারিখে ০৩ (তিন)টি দরপত্র দাখিল হয়। প্রাপ্ত দরপত্রের মধ্যে মেসার্স মুন মটর ওয়ার্কসপ, ঘোপ সেন্ট্রাল রোড, যশোর এর দেয় দর ১,৯৮,৫০০/- (এক লক্ষ আটানব্বই হাজার পাঁচ শত) টাকা সর্বনিম্ন হওয়ায় উক্ত দর গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। প্রশাসনিক অনুমোদনের প্রাপ্তির কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (ণ) অনুচ্ছেদে মোতাবেক উপজেলা পরিষদ যানবাহন মেরামতের জন্য রাজস্ব তহবিল হতে বছেরে সর্বোর্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। চলতি অর্থ বছরে জীপগাড়িটি সচল রাখার নিমিত্তে টুকিটাকি মেরামত বাবদ ইতোপূর্বে উক্ত অর্থ ব্যবয় হয়ে গিয়েছে বিধায় সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৪/০৪/২০০৫ তারিখের স্মারক নং স্থাসবি/উপ-১/গাড়ী-(২)-২/৯৯/৯৩(৪৭২) মুলে পত্রে অতিরিক্ত অর্থ ব্যয়ের জন্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণের নির্দেশনা রয়েছে। বিষয়সমুহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ (১) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে চলতি অর্থ বছরে জীপ গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে ১,৯৮,৫০০/- (এক লক্ষ আটানব্বই হাজার পাঁচ শত) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

(১) উপজেলা পরিষদের জীপগাড়ি নং সাতক্ষীরা ঘ-১১-০০২৪ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে মেরামতের প্রশাসনিক অনুমোদন গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকল কাগজপত্র প্রেরণসহ অনুমোদন গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

(২) স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট মেরামতকারী প্রতিষ্ঠানের নিকট হতে জীপগাড়ী মেরামত পূর্বক বিল বিধি মোতাবেক পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব ঃ উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

(খ) বাজেট বই প্রণয়ন ঃ টেকসই ও জবাবদিহিমুলক উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বার্ষিক বাজেট বই প্রণয়ন করা করা হয় এবং জনসম্মুখে বাজেট পেশ করা হয়। এরই ধারাবাহিকতায় ২০২৩-২৪ অর্থবছরে কাংখিত লক্ষ্য অর্জনের লক্ষ্যে যথাসময়ে এ উপজেলার বাজেট প্রস্তুত করে জনসম্মুখে পেশ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

(গ) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের ভ্রমণভাতা/দৈনিক ভাতার বিল অনুমোদন সংক্রান্ত ঃ সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় জনস্বার্থে সরকারি বিভিন্ন সভা/ কর্মশালায় যোগদান করেন। এছাড়া এ উপজেলার বিভিন্ন ইউনিয়নের সরকারি উন্নয়ন প্রকল্প, শিক্ষা প্রতিষ্ঠান সহ বিভিন্ন কার্যক্রম তদারকি করে থাকেন। কিন্তু এখনো এ অর্থবছরে কোন ভ্রমণভাতা/দৈনিক ভাতার বিল গ্রহণ করেননি। তিনি জুলাই ২০২২ মাস হতে মার্চ ২০২৩ মাস পর্যন্ত ৭৩,১২৫/- (তিয়াত্তর হাজার এক শত পঁচিশ) টাকার ভ্রমন ভাতা বিল দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত (১) উক্ত ভ্রমণ শুধুমাত্র ও সরকারি ও জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ভ্রমণভাতা/দৈনিকভাতা অনুমোদন হয়।
(২) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত ভাতা পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।
(৩) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় এর ৭৩,১২৫/- ভ্রমণ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

(ঘ) সর্বসাধারণের ব্যবহার্য পানি নিষ্কাশনের সরকারি খাস খালের বন্দোবস্ত বাতিল সংক্রান্ত ঃ
(১) সভায় মথুরেশপুর ইউনিয়ন চেয়ারম্যান সাহেব জানান যে, মথুরেশপুর ইউনিয়নে পাঁচবাড়িয়া মৌজায় পাঁচবাড়িয়া খাল দিয়ে প্রায় তিন হাজার একর জমির পানি নিষ্কাশন হয়ে থাকে। খালটি বর্তমানে ৪-৫ ফুট গভীরতা। কিন্তু খালটির এস,এ খতিয়ান-৩, দাগ নং-১৯০, ৩৫৯/৭৫-৭৬ নং কেসে স্থায়ী বন্দোবস্ত দেওয়া হয়েছে। বন্দোবস্ত গ্রহণকারীর মৃত্যু অন্তে তার ওয়ারেশগণ উক্ত খালে বাঁধ দিয়ে পানি নিষ্কাশনের প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। ফলে অত্র এলাকায় প্রতি বছর হাজার হাজার বিঘা জমির ফসল, বীজ পাতা, ঘরবাড়ি পানিতে ডুবে নষ্ট হচ্ছে। বিষয়টি নিয়ে উপজেলা পরিষদ সভায় আগষ্ট/২২ মাসের বিবিধ ৩ (ক) অনুচ্ছেদ, সেপ্টেম্বর/২২ মাসের ৫(ক) অনুচ্ছেদ, ও মার্চ/২৩ মাসের ৫(ক) অনুচ্ছেদে আলোচনা সাপেক্ষে জনসাধারণের কৃষি ফসল, ঘরবাড়ি, সরকারী রাস্তাঘাট ও অন্যান্য অবকাঠামো ও পরিবেশ প্রতিবেশের ভারসম্য রক্ষার্থে মথুরেশপুর ইউনিয়নের পাঁচবাড়িয়া খালটির বন্দোবস্ত বাতিলের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। কিন্তু অদ্যবধি এর কোন কার্যক্রম পরিলক্ষিত হচ্ছে না। তাই জনস্বার্থে মথুরেশপুর ইউনিয়নের পাঁচবাড়িয়া খালটির বন্দোবস্ত দলিল নং-৭৩৭৬/১৯৭৬ নং বন্দোবস্ত দলিলটি বাতিলের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পুনরায় অনুরোধ করেন।

(২) এছাড়া তিনি আরো বলেন, মথুরেশপুর ইউনিয়নের দেয়া মৌজার পাউখালী থেকে খাজাবাড়িয়া আংশিক পর্যন্ত খালটি সম্প্রতি বিএডিসি ও দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাবিখা প্রকল্পের মাধ্যমে খনন করা হয়েছে। খালের অবশিষ্ট অংশ খাজাবাড়িয়া মৌজায় জনৈক মতিউর রহমান মতির ভাটার পিছন দিয়ে প্রায় ১.৫ কিঃমিঃ জাগের মোড়লের গৈ দিয়ে প্রবাহমান যমুনা নদীকে পতিত হয়েছে যা এখনো খনন বাকি আছে। খালটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ। খালটির দুইধার সহ পার্শ্ববর্তী প্রায় ৩/৪ গ্রামের ও ১০০০ বিঘা ফসলের জমিসহ রাস্তাঘাট, ঘরবাড়ি, প্রতিবেশ ও পরিবেশ রক্ষায় পানি নিষ্কাশন জরুরী। তাই জনস্বার্থে খালটির বন্দোবস্ত বাতিল সহ খননের প্রস্তাব করেন।

(৩) এছাড়া সভায় জানানো হয় যে, ইতিপূর্বে উপজেলা পরিষদ সভায় যে সমস্ত খালের বন্দোবস্ত বাতিলের সুপারিশ করা হয়েছে আগষ্ট/২২ মাসের বিবিধ ৩ (ক) অনুচ্ছেদ, সেপ্টেম্বর/২২ মাসের ৫(ক) অনুচ্ছেদ, ও মার্চ/২৩ মাসের ৫(ক) অনুচ্ছেদে আলোচনা সাপেক্ষে

সিদ্ধান্ত ঃ
(১) জনস্বার্থে মথুরেশপুর ইউনিয়নের পাঁচবাড়িয়া খালটি বন্দোবস্ত বাতিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।
(২) খাড়াবাড়িয়া মৌজায় মতির ভাটার পিছনের প্রায় ১.৫ কিঃমিঃ প্রবাহমান খালটি বন্দোবস্ত বাতিলসহ খননের প্রস্তাব গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ
(১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(২) সহকারী কমিশনার (ভূমি), কালিগঞ্জ, সাতক্ষীরা।

(ঙ) অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম ঃ
সভায় আরো জানানো হয় যে, উপজেলা পরিষদ এর ক্যাম্পাসের আনসার ভিডিপি অফিস, উপজেলা কৃষি অফিস ও বিএডিসি ভবনের সম্মুখে রাস্তার পাশ দিয়ে যে সকল অবৈধ স্থাপনা আছে সেগুলো অতিদ্রুত উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ কালিগঞ্জ উপজেলার আনসার ভিডিপি অফিস, উপজেলা কৃষি অফিস ও বিএডিসি ভবনের সম্মুখে রাস্তার পাশে সকল অবৈধ স্থাপনা অতিদ্রুত উচ্ছেদের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ
(১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(২) সহকারী কমিশনার (ভূমি), কালিগঞ্জ, সাতক্ষীরা।
(৩) অফিসার ইনচার্জ, কালিগঞ্জ থানা, কালিগঞ্জ, সাতক্ষীরা
(৪) সংশ্লিষ্ট সকল।

(চ) ২০২২-২৩ অর্থ বছরে এডিপি ও উন্নয়ন খাতের আওতায় অনুমোদিত স্কীম সংশোধন ঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিগত ২৮/১১/২০২২ ইং তারিখে প্রকল্প বাছাই কমিটির সভায় ২০২২-২৩ অর্থ বছরে এডিপি ও উন্নয়ন খাতের আওতায় ১০৬টি প্রকল্প অনুমোদন হয়। অনুমোদিত স্কীমসমূহের মধ্যে নিম্নবর্ণিত স্কীমসসমূহ কাজ বাস্তবায়নের স্বার্থে সংশোধন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

| ক্রঃ নং | প্যাকেজ নং | অনুমোদিত স্কীমের নাম | সংশোধিত স্কীমের নাম | সংশোধিত প্রাক্কলন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | e-Tender/Kali/Sat/ 2022-23/ADP-05 | বাজারগ্রাম রহিমপুর আমিনের বাড়ি হতে ইউসুফের বাড়ি অভিমূখে রাস্তা ইটের সোলিংকরণ। | বাজারগ্রাম রহিমপুর আমিনের বাড়ি হতে ইউসুফের বাড়ি অভিমূখে রাস্তা পার্শ্বে প্যালাসাইডিংকরণ। | বর্ণনা মোতাবেক সংশোধিত প্রাক্কলন অন্তর্ভূক্ত করণ। | সকল স্কীমের অনুমোদিত প্রাক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। |
| ০২ | e-Tender/Kali/Sat/ 2022-23/ADP-08 | সাদপুর ব্রীজ হতে মাহমুদের বাড়ি অভিমূখে রাস্তায় প্যালাসাইডিং। | সাদপুর ব্রীজ হতে মাহমুদের বাড়ি অভিমূখে রাস্তায় প্যালাসাইডিং। | প্যালাসাইডিং অংশে পানি বেশি থাকায় Brick Work এর পরিবর্তে RCC Plate সংশোধিত প্রাক্কলন অন্তর্ভূক্ত করণ। | |
| ০৩ | e-Tender/Kali/Sat/ 2022-23/Dev-13 | শিমু রেজা এমপি কলেজ সংস্কার। | শিমু রেজা এমপি কলেজের অফিস ভবন আংশিক নির্মাণ। | বর্ণনা মোতাবেক সংশোধিত প্রাক্কলন অন্তর্ভূক্ত করণ। | |
| ০৪ | e-Tender/Kali/Sat/ 2022-23/Dev-11 | চৌমুহনী আছিয়া লুৎফর প্রি-ক্যাডেট স্কুলের রাস্তা সোলিংকরণ। | চৌমুহনী আছিয়া লুৎফর প্রি-ক্যাডেট স্কুলের রাস্তা সোলিংকরণ ও মুকুন্দ মধুসূধনপুর করিম শেখের বাড়ি হতে রইসুল শেখের বাড়ি অভিমূখে রাস্তা সোলিংকরণ | বর্ণনা মোতাবেক সংশোধিত প্রাক্কলন অন্তর্ভূক্ত করণ। | |
| ০৫ | e-Tender/Kali/Sat/ 2022-23/ADP-07 | কাঁকশিয়ালী বয়স্ক শিক্ষা কেন্দ্র চলমান কাজের উন্নয়ন | কাঁকশিয়ালী বয়স্ক শিক্ষা কেন্দ্র চলমান কাজের উন্নয়ন | গাথুনির প্লাষ্টার, দরজা, জানালা এর পরিবর্তে বারান্দা অংশে স্লাব বর্ধিতকরণ | |

সিদ্ধান্ত ঃ উপরোক্ত স্কীমগুলো বাস্তবতার আলোকে সংশোধনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা।

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩- ৫৪৬

তারিখ : ০৩/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা
৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১০। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা
১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা
১৩। চেয়ারম্যান ----------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
১৪। জনাব ----------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৭/০৪/২০২৩ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | জনাব ওয়াসীম উদ্দীন পক্ষে | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ৩ | জনাব ডাঃ উৎপল রায় | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৪ | জনাব মোঃ ইফতেখারউদ্দীন জোয়ার্দার | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৫ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | | ৫ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৬ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ পক্ষে | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | | ৬ | জনাব ডাঃ প্রবীর কুমার মুর্খাজী পক্ষে | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৭ | জনাব আজিজুর রহমান পক্ষে | চেয়ারম্যান, নলতা ইউপি | | ৭ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ৮ | জনাব এনামুল হোসেন পক্ষে | চেয়ারম্যান, তারালি ইউপি | | ৮ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব নাজমুল হাসান পক্ষে | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি | | ৯ | জনাব আশীষ কুমার নন্দী | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | জনাব গাজী শওকত হোসেন পক্ষে | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | ১০ | জনাব মোঃ মিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ১১ | জনাব অর্ণা চক্রবর্তী পক্ষে | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি | | ১২ | জনাব মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| ১৩ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ১৩ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ১৪ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি | | ১৪ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৫ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ১৬ | জনাব কনক চন্দ্র অধিকারী | উপজেলা সমন্বয়কারী (একটি বাড়ি একটি খামার) কালিগঞ্জ |
| | | | | ১৭ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | | | ১৮ | জনাব শ্মাশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৯ | জনাব তন্ময় হালদার | উপ-সহকারী, প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| | | | | ২০ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| | | | | ২১ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি | | ১ | জনাব অনুজ গাইন | উপজেলা নির্বাচন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ২ | জনাব এইচ এম কামরুজ্জামান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | | | ৩ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |
| | | | | ৪ | মিনারা আক্তার | তথ্য সেবা, কালিগঞ্জ |
| | | | | ৫ | জনাব অসিম মন্ডল | উপ-সহকারী প্রকৌশলী, (বিএডিসি) সেচ, সাতক্ষীরা জোন |
| | | | | ৬ | নুর ইসলাম কাগুজী | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |